

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০৯.৯৯.০২৩.২৩-৩০৬

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১
২৯ জুলাই ২০২৪

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে প্রদানকৃত বিশেষ গবেষণা অনুদান প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার (ভ্যাট ও ট্যাক্সসহ) জমা প্রদান প্রসঙ্গে।

সূত্র: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সূত্র নং-৩৯.০০.০০০০.০০৯.৯৯.০২৩.২৩-২৯৪, তারিখ: ০৮ জুলাই ২০২৪

বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় গবেষক/বিজ্ঞানীগণের প্রকল্পের অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদান প্রদানকৃত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচারের (ভ্যাট ও ট্যাক্সসহ) মূলকপিসহ দুই কপি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে, নিম্ন ঠিকানায় প্রেরণ করার তারিখ আগামী ১৮ আগস্ট ২০২৪ পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো। পরিচালকবৃন্দকে অবশ্যই বিধিমোতাবেক ভ্যাট, ট্যাক্স ও উৎসে কর কর্তন করতে হবে এবং গাইডলাইন্স অনুযায়ী ANNEXURE-I ও K ফরম পূরণ করে সংযুক্ত করতে হবে। বিশেষ গবেষণা অনুদান প্রাপ্ত প্রকল্পসমূহের ব্যয় সম্পর্কিত সকল ভ্যাট, ট্যাক্স ও উৎসে কর এ চালানের মাধ্যমে নির্ধারিত কোডে এন্ট্রি করে (<https://ibas.finance.gov.bd/acs/general/sales#/home/dashboard>) হার্ডকপি প্রিন্টপূর্বক বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করে বিলের সাথে চালানের মূল কপি সংযুক্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ চালানে VAT জমা প্রদানের কোড নম্বর ১১৪১১০১, TAX/উৎসে কর-এর ক্ষেত্রে কোড নম্বর ১১১১১০১ এবং অব্যয়িত অর্থ যদি থাকে, তাহলে জমা প্রদানের কোড নম্বর “১০৯০১০১১০১৪৩৫-১৪৪১২০২”। এ চালানের ৩ নং ক্রমিকে “যে ব্যক্তি/প্রতিষ্ঠানের অর্থ জমা দেওয়া হচ্ছে” বর্ণনায় সরকারি প্রতিষ্ঠান কলাম সিলেক্ট করে ১২৬০১-সচিবালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় উল্লেখ করতে হবে। উল্লেখ্য, বিশেষ গবেষণা প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাই কালে পূর্ববর্তী অর্থবছরের চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার প্রদানের বিষয়টি বিবেচনা করা হয়। তাছাড়া বিশেষ গবেষণা অনুদান প্রাপ্ত বিজ্ঞানী/গবেষকগণের রিপোর্ট ও বিলভাউচার কোন কারণে মন্ত্রণালয়ে এসে পৌঁছাতে ব্যর্থ হওয়ার সম্ভাবনা থাকায় চূড়ান্ত রিপোর্ট ও বিলভাউচারের একসেট ফটোকপি সংরক্ষণ করা আবশ্যিক।

পাঠাবার ঠিকানা: ভবন নং-০৬, কক্ষ নং-৯১৭, ১০ম তলা,
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তি: ANNEXURE-I ও K ফরম।



বিদ্যুৎ চন্দ্র আইচ
যুগ্মসচিব

ফোন: ০২২২৩৩৫৬৫৩৯

ই-মেল: section9@most.gov.bd

প্রকল্প পরিচালক

২০২৩-২০২৪ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদান প্রাপ্ত সকল গবেষক/বিজ্ঞানী।

অনুলিপি:

- ১। উপাচার্য/সংস্থা প্রধান (সংশ্লিষ্ট সকল).....
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (বিপ্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি